যুগান্তর

৭/৮/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃঃ ২ কলাম ২

# বেসরকারি স্কুল কলেজের ব্যবস্থাপনা কমিটির সভাপতি পদে মনোনয়ন

সম্প্রতি জাতীয় সংসদ বিলুপ্ত হওয়ায় বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ও কলেজসমূহের ব্যবস্থাপনা কমিটি এবং পরিচালনা পরিষদের সভাপতির পদে সৃষ্ট শূন্যতা পূরণের লক্ষ্যে সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, যেসব কলেজে জাতীয় সংসদের সদস্যরা পরিচালনা পরিষদের সভাপতি ছিলেন সেসব কলেজে জেলা প্রশাসক অথবা তার মনোনীত অতিরিক্ত জেলা প্রশাসক অথবা উপজেলা নির্বাহী অফিসার পরিচালনা পরিষদের সভাপতি হবেন। কলেজের এডহক কমিটির ক্ষেত্রেও অনুরূপ সিদ্ধান্ত কার্যকর হবে।

মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে যে সব মাধ্যমিক বিদ্যালয় জাতীয় সংসদের সদস্যগণ ব্যবস্থাপনা কমিটির সভাপতি ছিলেন সে সব ক্ষেত্রে জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ব্যবস্থাপনা কমিটির সভাপতি থাকবেন। স্কুলের এডহক কমিটির ক্ষেত্রেও অনুরূপ সিদ্ধান্ত কার্যকর হবে। তথ্য বিবরণী।